

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১১৬-আইন/২০১৪/৭১১-মুদ্রিক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, “বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর-

- (ক) দফা (গ) এর প্রান্তগস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং
- (খ) দফা (ত) এর প্রান্তগস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দুইটি নূতন দফা যথাক্রমে (থ) ও (দ) সংযোজিত হইবে, যথা:-
- “(থ) পণ্য পরিবহণে ব্যবহৃত কার্গো বিমান; এবং
- (দ) উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ বোর্ডের নিবন্ধন সনদপত্রে উল্লিখিত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ শওকাত হোসেন ]  
প্রথম সচিব (মূসক নীতি)